

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-১ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.hsd.gov.bd



স্মারক নং- ৪৫.১৪০.০১১.০০.০০.০০৫.২০১৩-২১৭২

তারিখঃ ১০ সেপ্টেম্বর ২০২০ খ্রিষ্টাব্দ
২৬ ভাদ্র ১৪২৭ বঙ্গাব্দ

বিষয়ঃ স্বাস্থ্য সেবা বিভাগের অধীনস্থ শেখ হাসিনা জাতীয় বার্ন এন্ড প্লাস্টিক সার্জারি ইনস্টিটিউট, ঢাকা কার্যালয়ে দৈনিক মজুরির ভিত্তিতে সেবা ক্রয়ের প্রশাসনিক অনুমোদনের মেয়াদ বৃদ্ধি

- সূত্রঃ (১) শেখ হাসিনা জাতীয় বার্ন এন্ড প্লাস্টিক সার্জারি ইনস্টিটিউট এর স্মারক নং- শেহাজাবাপ্রাসাদ/আঃসোঃ/২০১৯/৮৩৯, তারিখঃ ১৯/০৮/২০২০খ্রিঃ
(২) অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের স্মারক নং- ০৭.০০.০০০০.১৫৬.১৫.১৪.২০১৯-৩৬৮, তারিখঃ ২৯/০৯/২০১৯খ্রিঃ
(৩) অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের স্মারক নং- ০৭.০০.০০০০.১৫৬.১৫.১৪.২০১৯-১৭০, তারিখঃ ০৮/০৩/২০২০খ্রিঃ
(৪) অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের স্মারক নং- ০৭.০০.০০০০.১৫৬.১৫.১৪.২০১৯-২৬৫, তারিখঃ ১৮/০৫/২০২০খ্রিঃ

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, স্বাস্থ্য সেবা বিভাগের নিয়ন্ত্রণাধীন শেখ হাসিনা জাতীয় বার্ন এন্ড প্লাস্টিক সার্জারি ইনস্টিটিউট, ঢাকা কার্যালয়ে পরিষ্কার পরিচ্ছন্নতা এবং সার্বক্ষণিক সেবা নিশ্চিত করণার্থে অর্থ মন্ত্রণালয়ের সম্মতিক্রমে ২নং সূত্রোক্ত স্মারকের নির্দেশনা মোতাবেক গত ০১/১০/২০১৯ তারিখে ০৩ (তিন) মাসের জন্য দৈনিক মজুরির ভিত্তিতে হাসপাতাল কর্তৃপক্ষ কর্তৃক সরাসরি সেবা ক্রয়ের মাধ্যমে ২২৩ জন সেবা কর্মী সেবা ক্রয়ের প্রশাসনিক অনুমোদন এ বিভাগ প্রদান করা হয় (কপি সংযুক্ত)। পরবর্তীতে ৩নং ও ৪নং সূত্রোক্ত স্মারকের নির্দেশনা মোতাবেক দৈনিক মজুরির ভিত্তিতে সেবা ক্রয়ের মেয়াদ ২৯/১২/২০১৯ তারিখ হতে পর্যায়ক্রমে ০৩ (তিন) মাস করে মোট ৬ মাস বৃদ্ধি করা হয় (কপি সংযুক্ত)। সে অনুযায়ী ২৮/০৬/২০২০ তারিখে উক্ত সেবা ক্রয়ের মেয়াদ শেষ হওয়ায় ১নং সূত্রোক্ত স্মারকের মাধ্যমে হাসপাতাল কর্তৃপক্ষ কর্তৃক দৈনিক মজুরির ভিত্তিতে জনবল সরবরাহের মেয়াদ পুনরায় ০৩ (তিন) মাস বৃদ্ধির জন্য অনুরোধ জানানো হয়েছে। পদসমূহের বিবরণ নিম্নরূপঃ


প্রতিষ্ঠানের নাম	ক্রমিক নং	পদের নাম	সেবা কর্মীর সংখ্যা
শেখ হাসিনা জাতীয় বার্ন এন্ড প্লাস্টিক সার্জারি ইনস্টিটিউট, ঢাকা	১	পরিচ্ছন্নতা কর্মী (ক্লিনার)	৭৫
	২	আয়া	৭৫
	৩	ওয়ার্ড বয়	৫০
	৪	প্লাম্বার	০৫
	৫	মালী	০২
	৬	ইলেকট্রিশিয়ান	০৫
	৭	কেয়ার টেকার	০৫
	৮	কুক (বাবুচি)	০২
	৯	মশালচী	০৪
			মোট ২২৩টি

২। উল্লেখ্য, শেখ হাসিনা জাতীয় বার্ন এন্ড প্লাস্টিক সার্জারি ইনস্টিটিউট, ঢাকা এর জন্য আউটসোর্সিং এর মাধ্যমে জনবল নিয়োগের লক্ষ্যে পুনঃদরপত্র আহ্বান করা হয়েছে। ইতোমধ্যে আহ্বানকৃত দরপত্রের মূল্যায়ন কার্যক্রম প্রায় শেষ। শীঘ্রই নির্বাচিত ঠিকাদারকে কার্যাদেশ প্রদান করা হবে এবং বর্তমানে দেশে করোনা ভাইরাস সংক্রমণ পরিস্থিতির কারণে আহ্বানকৃত পুনঃদরপত্র মূল্যায়ন কার্যক্রম সম্পন্ন করতে বিলম্ব হয়েছে মর্মে ১নং সূত্রোক্ত পত্রে জানানো হয়েছে।

চলমান পাতা-২

৩। এমতাবস্থায়, শেখ হাসিনা জাতীয় বার্ন এন্ড প্লাস্টিক সার্জারি ইনস্টিটিউট, ঢাকা কার্যালয়ে দৈনিক মজুরির ভিত্তিতে হাসপাতাল কর্তৃপক্ষ কর্তৃক সরাসরি সেবা ক্রয়ের মাধ্যমে ২২৩ জন সেবা কর্মী সেবা ক্রয়ের মেয়াদ পুনরায় ০৩ (তিন) মাস বৃদ্ধির বিষয়ে সম্মতি প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

সংযুক্তিঃ বর্ণনামত


২০/০৯/২০২০
(জাকিয়া পারভীন)
উপসচিব
ফোনঃ ৯৫৭৭৯৮৫
admin1@hds.gov.bd

সচিব

অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

বাংলাদেশ সচিবালয়, ঢাকা

[দৃষ্টি আকর্ষণঃ অতিরিক্ত সচিব (ব্যয় ব্যবস্থাপনা)]।

অনুলিপিঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। [দৃষ্টি আকর্ষণঃ পরিচালক (প্রশাসন)]
- ২। পরিচালক ও অধ্যাপক, শেখ হাসিনা জাতীয় বার্ন এন্ড প্লাস্টিক সার্জারি ইনস্টিটিউট
- ৩। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৪। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৫। অতিরিক্ত সচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৬। যুগ্মসচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়